খুব অল্প খরচে যে কোনো বাংলা, ইংরাজী ও হিন্দি পত্রিকায় খুব কম খরচে বিজ্ঞাপন দেওয়া হয়।
নাম চেঞ্জ, বিজ্ঞপ্তি, হারানো প্রাপ্তি, পাত্রপাত্রী, কর্মখালি
আনন্দবাজার পত্রিকা The Telegraph THE TIMES OF INDIA দৈনিক যুগশঙ্খ বর্তমান প্রতিদিন সন্মার্গ প্রভাত খবর
9232633899 THE ECHO OF INDIA

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn. No.- Brs/135/2020-2022 ❑ Vol. 09 ❑ Issue 32 ❑ 23 Oct., 2025 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 3

নতুন সাজে সবার মাঝে শীতাতপ নিয়ন্ত্রিত ALANKAR অলঙ্কার যশোহর রোড • বনগাঁ
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা M : 9733901247

## রাজ্যের মধ্যে সেরা ডেঙ্গু মডেল হাসপাতালের শিরোপা পেল বনগাঁ সুপার স্পেশালিটি হসপিটাল

প্রতিনিধি : বিভিন্ন জেলায় ভেক্টর বর্ন ডিজিজ ডেঙ্গু নিয়ে যখন রাজ্যের মাথাব্যথার কারণ হয়ে ওঠে তখন উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ মহকুমার বনগাঁ সুপার স্পেশালিটি হসপিটাল এক নিদর্শন সৃষ্টি করল। ২০২৩ সালে যখন চার হাজারের উপরে ডেঙ্গু আক্রান্ত রোগীরা এই হাসপাতালের শরণাপন্ন হয়েছিলেন তখন থেকেই রোগের সঙ্গে লড়াই করে রোগীকে সুস্থ অবস্থায় বাড়ি ফেরানোর অদম্য প্রচেষ্টায় ব্রতী হয়েছিলেন হাসপাতালের সুপার ডাঃ কৃষ্ণ চন্দ্র বাড়ই সহ চিকিৎসক এবং সকল স্বাস্থ্যকর্মীরা। তারই ফলস্বরূপ ২০২৫ সালে এসে দাঁড়িয়ে এই মহকুমায় ডেঙ্গু আক্রান্ত



ছবি ঃ তথ্যজাল

একজনও রোগী মারা যাননি। এমনকি গুরুতর আশঙ্কাজনক অবস্থায় অন্য হাসপাতালেও বদলি করতে হয়নি। যা কিনা রাজ্যের মধ্যে এই হাসপাতালকে সেরা ডেঙ্গু মডেল হাসপাতালের শিরোপা পেতে বহুলাংশে সাহায্য করেছে। হাসপাতালের সুপার জানান, ব্লাড ব্যাংক, এসডিইউ, এমসিইউ সহ সমস্ত ধরনের পরিষেবা থাকার জন্য চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীরা ২৪ ঘন্টা নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছেন। হাসপাতালের পক্ষ থেকেও ডেঙ্গু নিয়ে জনসচেতনতামূলক প্রচার চালানো হয়। রাজ্য স্বাস্থ্য দপ্তর এবং জেলা স্বাস্থ্য দপ্তরের আধিকারিকেরা সর্বক্ষণ পরিস্থিতির উপরে নজরদারি করেন। এই শিরোপা অর্জন করার জন্য ধন্যবাদ জানাই সংশ্লিষ্ট সকলকে।

## দীপাবলী উৎসবে আইনি সচেতনতা শিবির বারাসাতে

নীরেশ ভৌমিক ঃ শারদোৎসবের পর দীপাবলী উৎসবেও দেশের আইন বিষয়ে সাধারণ মানুষজনকে সচেতন করার লক্ষ্যে জেলা সদর বারাসাতে আইনি পরিষেবা শিবির করে জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ। গত ২০ অক্টোবর থেকে ২৩ অক্টোবর বারাসাতের টাকি রোড পার্শ্বস্থ শতদল ক্লাবের এবং বারাসাতের গভর্নমেন্ট কলেজ রোড কে.এন.সি-র পূজা মণ্ডপ সংলগ্ন প্রাঙ্গনে আইনি সচেতনতা শিবির বসে। শিবিরে আইনি পরিষেবা সমিতির সদস্যা জয়িতা মণ্ডল, লক্ষ্মী ধর ও মাসিরুল মণ্ডল প্রমুখ পি.এল.ভি গণ শিবিরে আগত মানুষজনকে বিনা ব্যয়ে আইনি পরিষেবা গ্রহনের বিষয়ে অবগত করান। আইন জানব নির্ভয়ে বাঁচবো, সতর্কীকরণ ইত্যাদি প্রচারপত্র ছাড়াও পশ্চিমবঙ্গ রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষ প্রাথমিক আইনি শিক্ষা শীর্ষক পুস্তক শিবিরে আগত মানুষজনের হাতে তুলে দেন।

শিবির পরিদর্শনে আসেন জেলা জজ শাস্তনু ঝা, দেবব্রত বসাক প্রমুখ। শিবির গুলিকে সার্থক করে তুলতে সহযোগিতার হাত বাড়িয়ে দেন অন্তরা ম্যাডাম, সৌমেন ও দেবকুমার বাবু সহ অন্যান্য ব্যক্তিগন। আইনি সচেতনতা ও সহায়তা বিষয়ক শিবির গুলিকে ঘিরে এলেকার সাধারন মানুষ ও দর্শনার্থীগনের মধ্যে বেশ উৎসাহ ও আগ্রহ পরিলক্ষিত হয়।

## মহিলাকে নির্যাতন-মারধর, ধৃত ৪

প্রতিনিধি : বন্ধুর সাথে কালী ঠাকুর দেখতে বেরিয়ে আক্রান্ত হয়েছিলেন এক যুবতী ইঞ্জিনিয়ার। অভিযোগ, তাকে যৌন নির্যাতন করা হয়। তাকে বাঁচাতে এসে প্রহৃত হন ওই মহিলার বন্ধু, দাদা সহ কয়েকজন। মঙ্গলবার রাতের ওই ঘটনার তদন্ত নেমে পুলিশ চারজনকে গ্রেফতার করলো। বুধবার রাতে তাদের ধরা হয়েছে। পুলিশ জানিয়েছে, ধৃতদের নাম অরিন্দম রায়, দ্বীপজয় রায়, আকাশ দাস ও জয়ন্ত দত্ত। অরিন্দম সবজি ব্যবসায়ী। দ্বীপজয় গোবরডাঙ্গা কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র। আকাশ এবং জয়ন্ত তারা কোন কাজ করে না, লেখাপড়াও করে না। এলাকায় বকাটে ছেলে হিসেবে পরিচিত।

## গোবরডাঙা সংস্কার ভারতীর মাঙ্গলিক অনুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ গোবরডাঙার অদূরে জামদানি চৈতালী সংঘের শ্যামাপুজো উপলক্ষ্যে আয়োজিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে পরিবেশিত হয় মাঙ্গলিক অনুষ্ঠান 'শক্তিরূপে তুমি দীপ্তি রূপে তুমি' শীর্ষক অনুষ্ঠানে স্তোত্র পাঠ করেন ধর্মপ্রাণ অনন্ত চক্রবর্তী। ভাষ্য পাঠে ছিলেন বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব অভীক দাঁ ও সোমা দত্ত বণিক।

সংগীত পরিবেশন করেন ঐশানি দত্ত, কনক চক্রবর্তী ও শ্রীকান্ত কুন্ডু। তবলা সঙ্গতে ছিলেন বিশিষ্ট তবলচি প্রদীপ অধিকারী। সমগ্র অনুষ্ঠানটির সঠিক তত্বাবধানে ছিলেন বিশিষ্ট শিক্ষাব্রতী ও সমাজকর্মী শাশ্বতী নাথ। শ্রীমতী নাথের সুনিপুন পরিকল্পনায় সমগ্র অনুষ্ঠানটি সর্বাঙ্গ সুন্দর হয়ে ওঠে।

## শ্যামা পুজোয় ক্রেতা সচেতনতা শিবির গোবরডাঙায়

নীরেশ ভৌমিক ঃ শারদীয়ার পর দীপাবলীতেও ক্রেতা সচেতনতা শিবিরের আয়োজন করে গোবরডাঙা কনজিউমার এ্যাসোসিয়েশনের সদস্যগন। গোবরডাঙা স্টেশন সংলগ্ন শ্যামাপূজা প্রাঙ্গনে গত ২১-২৩ অক্টোবর অনুষ্ঠিত শিবিরে এ্যাসোসিয়েশনের সদস্যগন পথ চলতি মানুষ ও প্রতিমা দর্শনার্থীদেরকে ক্রেতা সুরক্ষা বিষয়ে সচেতন করেন। কেনা কাটার সময় কী কী সতর্কতা অবলম্বন করলে ঠকার আশঙ্কা কম থাকবে? অথবা যদি ঠকে যান, কোথায়, কীভাবে এবং কী কী প্রতিবিধান দাবি করা যাবে? সে ব্যাপারেও মানুষজনকে অবহিত করেন এবং সেই সঙ্গে উদ্যোক্তারা শিবিরে আগত মানুষজনের স্বাক্ষর সংগ্রহ করেন এবং উপভোক্তা বিষয়ক প্রচার পুস্তিকা প্রদান করেন। এ্যাসোসিয়েশানের গোবরডাঙা শাখার দায়িত্বপ্রাপ্ত সমাজ সেবি কালিপদ সরকার, প্রণব রায় সহ শিবিরে অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে উপস্থিত ছিলেন, বর্ষিয়ান সমাজকর্মী পবিত্র মুখোপাধ্যায়, সমীর কিশোর নন্দী, জয়দেব মুখার্জী, মলয় বিশ্বাস, শিক্ষক স্বপন বালা প্রমুখ।



## চাকরি দেওয়ার নাম করে প্রতারণা; ধৃত-মহিলা

প্রতিনিধি : চাকরি পাইয়ে দেওয়ার নাম করে ১২ লক্ষ টাকা প্রতারণার অভিযোগে প্রতারক এক মহিলাকে গ্রেপ্তার করল গোপালনগর থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম রিংকু মজুমদার। শনিবার ধৃতকে বনগাঁ আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, গোপালনগরের বাসিন্দা আসাদ আলী মণ্ডলের ছেলেকে সরকারি চাকরি পাইয়ে দেওয়ার প্রলোভন দেখিয়ে রিংকু মজুমদার ১২ লক্ষ টাকা আসাদ আলির কাছ থেকে নিয়েছিলেন বলেই অভিযোগ। চাকরি হয় নি আসাদের ছেলের। ফেরত পাননি টাকাও। এরপরেই আসাদ আলী মন্ডল গোপালনগর থানার পুলিশের কাছে প্রতারণার অভিযোগ দায়ের করেন রিংকুর বিরুদ্ধে। অভিযোগের তদন্তে নেমে শনিবার অভিযুক্ত রিংকু মজুমদারকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতকে ৭ দিনের পুলিশি হেফাজত চেয়ে আদালতে পাঠালে পাঁচদিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেয় আদালত। ঘটনায় আর কেউ যুক্ত আছে কি না তদন্ত শুরু করেছে গোপালনগর থানার পুলিশ।

## রোলারে ধাক্কা বাইকে, নিহত চালক

প্রতিনিধি : বেহাল রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা রোলারে নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে ধাক্কা মেরেছিল বাইক। বাইক থেকে ছিটকে পড়ে গুরুতর জখম চালকের মৃত্যু হল। শনিবার গভীর রাতের ঘটনাটি ঘটেছে বাগদা থানার হেলেঞ্চা দত্তফুলিয়া সড়কের চর মন্ডল এলাকায়। স্থানীয়রা জানিয়েছেন, মৃতর নাম আকাশ মল্লিক (১৬)। বাড়ি পাথুরিয়া এলাকায়। স্থানীয়দের অভিযোগ, খারাপ রাস্তায় উপর রোলার রাখার জন্যই এই দুর্ঘটনা।

স্থানীয়রা জানিয়েছেন, এদিন রাতে দত্তফুলিয়া থেকে একজনকে সঙ্গে নিয়ে বাড়ি ফিরছিল আকাশ। খারাপ রাস্তায় পটি দেওয়ার কাজ চলছে। সে কারণে রোলারটি রাস্তার পাশেই রেখে দিয়েছিল।

তৃতীয় পাতায়...

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভীক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৯ ❒ সংখ্যা ৩২ ❒ ২৩ অক্টোবর, ২০২৫ ❒ বৃহস্পতিবার

## হট্টমেলার প্রিয় বাংলা

হট্টমেলা। বহুল প্রচলিত একটি শব্দ। অর্থ দাঁড়ায় এমন— বিচিত্র কিসিমের জিনিসে পূর্ণ এবং বিপুল জন সমাগমে পূর্ণ অনুষ্ঠান প্রাঙ্গন। আমাদের প্রিয় পশ্চিমবঙ্গ কি বর্তমানে তাই? উত্তর দেবে বিদ্বজ্জনে বা রাজনৈতিক বিশ্লেষকে। বর্তমান বাংলার পরিস্থিতি যে কেমন, তা ঠিক এক জায়গায় বা স্থানে বসে নির্ধারণ করা সম্ভব নয় বা কোন প্রিন্টিং মিডিয়া বা নিউজ চ্যানেলে চোখ রেখে দেশের সার্বিক অবস্থা বুঝে নেওয়া সম্ভব নয়। কেউ কেউ তো আবার সব সময় এক দেশের সাথে অন্য দেশের যুদ্ধ বাঁধিয়ে দেয়। তবুও সচেতন ব্যক্তিবর্গ চোখ রাখে খবরের কাগজে বা নিউজ চ্যানেলে। আমরা বাঙালী। তাই চলে আসে বাংলার কথা তথা পশ্চিমবঙ্গের কথা। সরকার পক্ষ বলে, সব ঠিক চলছে, কিছু কিছু বিচ্ছিন্ন ঘটনা বাদে। অবশ্য প্রাক্তণ মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ও একথা বলেছিলেন। এত বড় রাজ্যে কিছু বিচ্ছিন্ন ঘটনা ঘটে। আবার বিরোধীপক্ষ বলছে— সবই দুর্নীতি, চুরি, রাহাজানি। তার জন্য হচ্ছে ডেপুটেশন, আন্দোলন, বিক্ষোভ, সম্প্রতি একটু অন্যরকম ঘটনা ঘটেছে। উত্তর ২৪ পরগণার বনগাঁ মহকুমার গোপালনগরে। নিজের দলের প্রধান এবং সহ সভাপতির বিরুদ্ধে অভিযোগ তুলেছে দলেরই উপ- প্রধান। দল রাজ্য সরকার অর্থাৎ তৃণমূল। বিরোধী পক্ষ অবশ্য হাততালি দিয়ে নিজেদের প্রথাগত সুর বাজিয়ে চলেছে। সাধারণ মানুষ বলছে— এসব তো চলতেই থাকে। বাড়তি বোঝা টোটোর উপরে। আসলে সরকারের রোজগার বাড়ানোর কৌশল, সব মিলিয়ে আমাদের প্রিয় পশ্চিমবঙ্গ এখন হট্টমেলা।

## সবার উপরে মানুষ সত্য : প্রসঙ্গ মানবাধিকার

দেবাশিস রায়চৌধুরী

পূর্ব প্রকাশের পর...

**ধারা ২২ : আন্তর্জাতিক সহায়তা (Role of International Assistance)**

এই ধারাটি চুক্তিতে স্বীকৃত অধিকারগুলির কার্যকর বাস্তবায়নে আন্তর্জাতিক প্রযুক্তিগত সহায়তা (international technical assistance)-এর ভূমিকা নিশ্চিত করে।

যদি দেখা যায় কোনো রাষ্ট্রপক্ষ তাদের দায়িত্ব পালন করতে অসুবিধায় পড়ছে, তবে ECOSOC সাধারণ পরিষদের নজরে আনতে পারে যে সেখানে আন্তর্জাতিক সহযোগিতা বা সহায়তা প্রয়োজন। অর্থাৎ শুধু সমালোচনা নয়, বাস্তব সাহায্যের দিকেও নজর দেওয়া হয়েছে।

**ধারা ২৩ : আন্তর্জাতিক পদক্ষেপের সম্পর্ক (Relationship to International Action)**

রাষ্ট্রপক্ষগুলো চুক্তিতে স্বীকৃত অধিকারগুলির উপলব্ধি অর্জনের জন্য বিভিন্ন পদক্ষেপের সাথে একমত হয়। ECOSOC, সাধারণ পরিষদ ও বিশেষায়িত সংস্থাগুলো জাতিসংঘ সনদের ভিত্তিতে সহযোগিতা বাড়ানোর চেষ্টা করবে। এখানে লক্ষ্য হলো রাষ্ট্রগুলোকে সহায়তা করা, যাতে তারা অর্থনৈতিক ও সামাজিক অধিকারগুলো বাস্তবায়ন করতে পারে।

**ধারা ২৪ : অন্যান্য মানবাধিকারের সাথে সম্পর্ক (Relationship to Other Human Rights)**

এই ধারায় বলা হয়েছে যে, চুক্তির কোনো কিছুই এমনভাবে ব্যাখ্যা করা যাবে না যাতে মানব অধিকারের ক্ষেত্রে বিদ্যমান অন্যান্য আইন, কনভেনশন, প্রথা বা প্রবিধান দ্বারা স্বীকৃত কোনো মৌলিক অধিকার সীমিত বা খর্ব হয়। এটি নিশ্চয়তা দেয় যে ICESCR মানবাধিকারের সর্বনিম্ন মান নির্ধারণ করে, কিন্তু এর কারণে রাষ্ট্রপক্ষগুলি তাদের নাগরিকদের জন্য অন্যান্য আন্তর্জাতিক বা জাতীয় আইন দ্বারা প্রদত্ত উচ্চতর সুরক্ষা বাতিল করতে পারে না।

**ধারা ২৫ : প্রাকৃতিক সম্পদ ব্যবহারের অধিকার (Right to Use Natural Resources)**

এই ধারার কোনো কিছুই সকল জনগণের তাদের প্রাকৃতিক সম্পদ উপভোগ করার এবং পূর্ণ অবাধে ব্যবহার করার সহজাত অধিকারকে খর্ব করার মতো ব্যাখ্যা করা যাবে না।

এই ধারাটি চুক্তির প্রথম ধারায় স্বীকৃত "আত্মনিয়ন্ত্রণের অধিকার" (Right to Self-Determination)-এর সাথে সম্পর্কিত এবং আন্তর্জাতিক অর্থনৈতিক আইনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি নিশ্চিত করে যে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারগুলির বাস্তবায়ন অবশ্যই জাতিসমূহের প্রাকৃতিক সম্পদের উপর স্থায়ী সার্বভৌমত্বের নীতিকে সম্মান করে চলবে।

(চলবে...)

COMPUTER & PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয়
কার্টিজ রিফিল করা হয়। UNICORN

Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

ভ্রমণ ঃ

## ব্যাক-ওয়াটার রাজ্য কেরালা

*[ভ্রমণকাল ১৩/১২/২০১৬ থেকে ২৬/১২/২০১৬]*



অজয় মজুমদার

গত সপ্তাহের পর...

২. মসলা গাছ মুন্নার-- স্পাইস ট্রি রিসোর্ট মুন্নার। কর্তৃপক্ষ তার আশেপাশের মসলা বাগানের ট্যুর পরিচালনা করে।

৩. গ্রিনল্যান্ড স্পাইসেস এবং আয়ুর্বেদিক গার্ডেন মুন্নার-- এটা মুন্নার শহর থেকে ১২ কিলোমিটার। মুন্নার বাইপাস, থোক্কুপাড়া পাড়া, প্রবেশের জন্য জনপ্রতি ১০০ টাকা লাগবে।

৪. দারুচিনি বাগান মুন্নার-- সিনামল গার্ডেন ঘুরে দেখার মত। বিশেষজ্ঞ কৃষিবিদেরা আপনাকে খামারটি ঘুরে দেখাবে।

৫. সবুজ ক্ষেতের মসলা এবং ভেষজ উদ্যান মুন্নার। এটাকে মুন্নারের সেরা স্পাইস গার্ডেন হিসাবে চিহ্নিত করা হয়। এখানে কোন রাসায়নিক রিএজেন্ট ব্যবহার করা হয় না। অবস্থান--- জাতীয় সড়ক ৪৯, চিলিথোড়ু, কেরালা-৬৮৫৫৬১.

৬. মিষ্টি স্পাইস গার্ডেন মুন্নার --- সেখানে প্রজাতীর উড়ন্ত ঝাঁক এবং দারুচিনি ও ভ্যানিলার মাতাল সুবাসে ভরা ঘন মসলা এবং চা বাগান ভ্রমণ করা। এই বাগানটি জৈব পদ্ধতির জন্য বিখ্যাত। চা, কফি, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, জায়ফল এবং আরো অনেক কিছুর মতো তাজা- জৈব মসলা বিক্রি হয়।

৭. স্পাইস ওয়াক মুন্নার--- এটি মুন্নারের একটি শান্ত মসলা বাগান। এই বাগানে জন্মায় এলাচ, ভ্যানিলা, হলুদ, দারুচিনি এবং কালো মরিচ। অবস্থান--- চরাকুলাম কফি এস্টেট প্রাইভেট লিমিটেড, স্প্রিং ভ্যালি, মুরিক্কাডি, পোঃ- কুমিলি, কেরালা ৬৮৫৫৩৫, মুন্নার শহর থেকে ২৯ কিলোমিটার দূরে অবস্থিত।

৮. কাল্লার স্পাইসেস মুন্নার---- এটি সরকার অনুমোদিত কেরালা ফার্ম এন্ড কাল্লার স্পাইসেস, মুন্নার। এটি শীর্ষ মসলা বাগানগুলির একটি। অবস্থান---- আলুভা, মুন্নার রোড, কাল্লার ভাট্রিয়ার, কেরালা ৬৮৫৫৬১, মুন্নার শহর থেকে ১৯ কিলোমিটার দূরে। প্রবেশ মূল্য জনপ্রতি ২০০ টাকা।

৯. পেরিয়ার স্পাইস গার্ডেন--- এটি একটি আয়ুর্বেদিক গার্ডেন। পশ্চিমঘাট পর্বতমালার কোমল ঢালে অবস্থিত এবং চা, কফি এবং বিদেশি মসলায় সমৃদ্ধ। সুবাসে প্রকৃতি প্রেমীদের আমন্ত্রণ জানায়। অবস্থান---- মুন্নার থেক্কাডি রোড, কুমিলি, কেরালা -- ৬৮৫৫৫১ মুন্নার শহরের কেন্দ্র থেকে ৭৬ কিলোমিটার দূরে অবস্থিত।

১০. অব্রাহামের স্পাইস গার্ডেন, মুন্নার--- এটি একটি পরিবার পরিচালিত জৈব খামার। বিশেষজ্ঞ কৃষিবিদরা মুন্নারের এই বিশাল মসলা বাগান ঘুরে দর্শনার্থীদের গাইড করেন এবং এলাচ, লবঙ্গ, তুলসী, কালো মরিচ, ভ্যানিলা, হলুদ এবং জায়ফলের মত মসলা চাষের প্রক্রিয়া সম্পর্কে তাদের বলেন, এই খামারকে ঔষধি ভেষজ আয়ুর্বেদিক পণ্য এবং প্রয়োজনীয় তেল নামমাত্র মূল্যে বিক্রি হয়। অবস্থান- স্প্রিং ভ্যালি ,কুমিলি,ইদুক্কা, কেরালা- ৬৮৫৫৬৯ , মুন্নার শহর থেকে ৯০ কিলোমিটার দূরে অবস্থিত ।প্রবেশ মূল্য জন প্রতি ১০০ টাকা।

ডিসেম্বর মাসটাই মুন্নার ভ্রমণের সেরা সময়। চা বাগানের পাশেই 'এসএন সুজাতাহা ইন' হোটেলে আমরা উঠলাম। এর ঠিকানা হল এ এম রোড, মুন্নার, জেলা- ইদুক্কি, কেরালা- ৬৮৫৬১২। তখন এখানকার তাপমাত্রা ৫ ডিগ্রি সেলসিয়াস থেকে ২৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে। আমরা অবশ্য বৃষ্টি পাইনি। এটি একটি পাহাড়ি স্টেশন। চারিদিকে দার্জিলিং এর মত চায়ের বাগান। মুন্নার দুদিন থাকলেই মোটামুটি সবই দেখে নেওয়া যায়।

১৭ই ডিসেম্বর ২০১৬-- সকাল ৮টা ব্রেকফাস্ট শেষ করে মুন্নারে দুই ভাগে সাইট সিন করা হবে ঠিক করা হল।এই উদ্দেশ্য নিয়ে আমরা বেরোলাম। প্রথমে আমরা গেলাম-- ইরাভিকুলাম জাতীয় উদ্যান। ৯৭ কিলোমিটার বিস্তৃত। ভারতের কেরালার ইদুক্কি এবং এর্নাকুলাম জেলার পশ্চিমঘাট পর্বতমালার ধারে

চলবে...

উপন্যাস

## বেঙ্গালুরু উবাচ ১



পীযূষ হালদার

গত সপ্তাহের পর...

"আমি তোমাকে এতো দূর চিন্তা করতে বলিনি। তবে তুমি ওকে এমন কিছু কথা বলো না, যাতে ও এই বয়সে মানসিকভাবে ভেঙে পড়ে।" এ কথা বলে ও ভিতরে যাবে বলে উঠে দাঁড়ল।

প্রায় সকাল সাড়ে ছ'টা বাজল। সূর্যের তাপ বাড়ছে। দিদিরা উঠে পড়েছে। ঝুনুর গলার আওয়াজ পাওয়া যাচ্ছে। সামনের বারান্দার দরজা খুলে দিলো জামাইবাবু। বারান্দায় আমাদের দেখে জিজ্ঞাসা করল, "তোরা কখন উঠেছিস! এত বেলা হয়ে গেল আমাদের ডাকিসনি কেন?"

জামাইবাবু সহজভাবে কথা বললেও আমার মনে খানিকটা ভয় ছিল, মুখের ছায়ায় যদি গত রাতের কোনও মালিন্যের ভাব ফুটে উঠলে উনি বুঝতে পারবেন। তারপর কিছু জিজ্ঞাসা করলে আমি তার কী জবাব দেব? সেই চিন্তা যখন আমি কী বলবো ঠিক করছি, আগেই জবাবটা সাথে সাথে মিতা দিয়ে দিল, "আমার তো খুব ভোরেই ঘুম ভাঙে। অন্যদিনের থেকে একটু দেরিতে উঠে দেখি, খোকা মামা ঘরে নেই। পেছনের দরজা খুলে বাইরে এসে দেখি- বারান্দায় বসে উনি আকাশ গাছপালা দেখছেন।" খানিকটা হেসে আবার বলল, "কাকা, তোমরা কেউ ঠেকাতে পারবে না, ও বোধহয় একজন বড় কবি হবে!"

আমি আশ্চর্য হয়ে তাকিয়ে ছিলাম মিতার দিকে। অসম্ভব স্বাভাবিক রকমের হাবভাবে কথা বলছে। এত বড়ো একটা ঘটনা কিভাবে মন থেকে সরিয়ে ফেলল, স্বাভাবিক আচরণ করছে। মনে মনে ধন্যবাদ জানালাম। আমি ওর উপরে কপট রাগ দেখিয়ে, জামাইবাবুকে বললাম, "না না, সেরকম কিছু না? সামান্য গাছপালা আর আকাশের রঙ নিয়ে কথা হচ্ছিল।"

জামাইবাবু বলল, "আচ্ছা ঠিক আছে! খোকা, তুমি আজকে স্কুলে যাবে। বইগুলো একটু দেখো। মিতা, তুইও আজ থেকে বই পড়া শুরু করবি। আমি একটু মাঠ ঘুরে এসে, তোর পড়া দেখিয়ে দেবো। বাৎসরিক পরীক্ষা। সিলেবাস জানিস তো? আমাকে দেখিয়ে দিবি, আমি প্রতিদিন পড়া দিয়ে যাব। এভাবেই পরীক্ষার পড়া রেডি করতে হবে।" একথা বলে জামাইবাবু ভেতর দিকে চলে গেল।

দিদি তখন ঘরে বিছানা তুলছিল। মিতাকে বলল, "এই তোরা দাঁত ব্রাশ করেছিস তো! হয়ে গেলে জনতা জ্বালিয়ে তিন কাপ চা বসা। চা মুড়ি খেয়ে পড়তে বসবি দুজনেই।"

এবার বাস্তবে ফিরে আমি নিজের মনের মধ্যে ঢুকে গিয়েছিলাম। সামনে ফাইনাল পরীক্ষা। আমাকে এই স্কুল ছেড়ে বনগাঁর কোনও একটা স্কুলে ভর্তি হতে হবে। রেজাল্ট অবশ্যই ভালো হওয়া দরকার। গতবার ক্লাস সেভেন থেকে ক্লাস এইটে উঠার সময় দ্বিতীয় হতে পেরেছিলাম। সুভাষকে টপকান মনে হয় সম্ভব নয়। সুভাষের সাথে আমার টোটাল নম্বরের পার্থক্য ছিল মাত্র নয় নম্বরের। শ্যামলের থেকে আমি পনেরো নম্বর বেশি পেয়েছিলাম। গতবছর শ্যামলকে টপকিয়ে যখন দ্বিতীয় হয়েছিলাম, তখন অনেক গুঞ্জন হয়েছিল। শ্যামলও ক্লাসের মধ্যে একটা চক্র তৈরি করে উল্টোপাল্টা বলছিল। কল্পনাই শেষ পর্যন্ত ওকে টাইট দিয়েছিল। বিষয়টা কেউ কাউকে টাইট দেওয়ার নয়। হাই স্কুলে ভর্তি হতে গেলে মূলত মোট কত পার্সেন্টেজ হল দেখবে।

আমি আজকে স্কুলে গেলাম একাই। অনেকগুলো দিন বন্ধুদের সাথে দেখা হয়নি। পুজোর ছুটির পরপরই আমি বাড়ি চলে গিয়েছিলাম। সকলের চোখ মুখ ঝলমল করছে। পুজোর ছুটির আমেজ কাটিয়ে সকলে নিশ্চয়ই পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছে। সুভাষের সাথে আমার বাড়ি যাওয়ার কারণ বলতে বলতে দেখলাম, কল্পনা দরজা দিয়ে ক্লাসে ঢুকলো। আমিই প্রথম কথা বললাম, "তোর আসতে এত দেরি হল কেন?" আমার প্রশ্নের কোনও উত্তর না দিয়ে বেঞ্চে গিয়ে বসে পড়ল। সারা সময় ক্লাশে আর কোনও কথা বলল না।

চলবে...

# বিধায়ক তহবিলের অর্থে শববাহী গাড়ি চাঁদপাড়ার শিশির মেমোরিয়ালে

নীরেশ ভৌমিক ঃ ক্লাবের সদস্যগণের আবেদনে সাড়া দিয়ে গত বছর এই শ্যামাপুজোর সময় ৯৬ বনগাঁ দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক স্বপন মজুমদার কথা দিয়েছিলেন, প্রয়োজনীয় কাগজপত্র ঠিক থাকলে ১ বছরের মধ্যে ক্লাবকে একটি শববাহী গাড়ি দেওয়ার পঞ্চায়েত সদস্য গোলাপী সরকার প্রমুখ। ক্লাব সম্পাদক পার্থপ্রতীম রায় সকলকে অভিনন্দন জানান।

শিশির মেমোরিয়াল ক্লাব আয়োজিত শ্যামাপুজো মণ্ডপ অঙ্গনে সমবেত ক্লাব সদস্য, স্থানীয় মানুষজন ও উপস্থিত দর্শনার্থীগণ সকলেই বিধায়ক স্বপনবাবুর



ব্যবস্থা করবেন।

গত ২২ অক্টোবর চাঁদপাড়া শিশির মেমোমিরয়াল পাঠাগার এণ্ড ওয়েলফেয়ার সোসাইটি আয়োজিত শ্যামাপুজো উৎসব মঞ্চে সেই ক্লাব কর্তৃপক্ষের হাতে গাড়ি (বৈতরণী) এবং গাড়ির চাবি তুলে দিয়ে কথা রাখেন স্থানীয় বিধায়ক স্বপনবাবু। সাথে ছিলেন বিশিষ্ট সমাজসেবি প্রবীর রায় ও স্থানীয় এই মহতী কাজকে স্বাগত জানান। স্থানীয় মানুষজন বলেন, আমাদের চাঁদপাড়া এলেকায় কোন শববাহী গাড়ি ছিল না। বিধায়ক এলেকো উন্নয়ন তহবিলের অর্থে বিধায়ক প্রদত্ত এই গাড়িটি মানুষের খুবই কাজে আসবে। শিশির মেমোরিয়াল ক্লাব আয়োজিত এবারের শ্যামা প্রতিমা ও যমপুরীর দৃশ্যাবলী আগত দর্শনার্থীগণকে মুগ্ধ করে।

# গাইঘাটার রামকৃষ্ণ সেবাশ্রমে সাড়ম্বরে অনুষ্ঠিত বিজয়া উৎসব

সংবাদদাতা ঃ বিগত বৎসরগুলির মতো এবারও বিজয়া সম্মেলন উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ব্যক্তিবর্গ অনাথ আশ্রম, শিশু উদ্যান ও রামকৃষ্ণ মন্দির এবং ফ্রি কোচিং সেন্টার পরিচালনায় শংকরবাবুর মহতী ও




করে গাইঘাটার রামকৃষ্ণ সেবাশ্রম ও গাইগাটা বিবেকানন্দ স্মৃতি মণিমেলা কর্তৃপক্ষ। গত ১৮ অক্টোবর আয়োজিত অনুষ্ঠানে জেলার বিভিন্ন এলেকা থেকে বহু বিশিষ্টজন উপস্থিত হন। উল্লেখযোগ্যদের মধ্যে ছিলেন,। বিশিষ্ট শিক্ষক ও সমাজকর্মী নারায়ণ পোদ্দার, সাংবাদিক তপন মণ্ডল, দেবব্রত চক্রবর্তী, কৃষ্ণা চক্রবর্তী, শিক্ষক তপন কুমার সাহা, শিক্ষিকা নন্দিতা সাহা, অনুপ সরকার প্রমুখ। সমবেত সকলেই পরস্পরের মধ্যে শুভ বিজয়ার আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা বিনিময় করেন। সেবাশ্রমের প্রাণপুরুষ অবসরপ্রাপ্ত শিক্ষক শংকর নাথ আগত সকলকে স্বাগত জানান। উপস্থিত বিশিষ্ট মানবিক উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন।

রামকৃষ্ণ মন্দিরের সুসজ্জিত অঙ্গনে আয়োজিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে আশ্রমের পড়ুয়ারা সংগীত, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করে। বিশেষ করে আদিবাসী শিক্ষার্থীদের সংগীত ও নৃত্যের অনুষ্ঠান সমবেত সুধীজনের নজর কাড়ে। প্রখ্যাত কবি ও আবৃত্তিকার দেবব্রত চক্রবর্তীর কণ্ঠে স্বচরিত কবিতা এবং নীলাঞ্জনা পালের সংগীতানুষ্ঠান উপস্থিত সকলকেই মুগ্ধ করে। নানা অনুষ্ঠান ও বহু সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে গাইঘাটা রামকৃষ্ণ সেবাশ্রম আয়োজিত এদিনের বিজয়া সম্মেলন ও অনুষ্ঠান বেশ প্রাণবন্ত হয়ে ওঠে।

## চাঁদপাড়ার বলাকা সংঘে জীবন্ত কালী

সংবাদদাতা ঃ চাঁদপাড়া বাজার পার্শ্বস্থ বি. এম. পল্লীর বলাকা সংঘ এবারও তাঁদের শ্যামা পুজোয় চমক আনে। এবারে তাদের আকর্ষণ ছিল মা কালীর নয়টি রূপের জীবন্ত প্রদর্শনী। মেয়েরা দেবী কালীর ৯টি রূপে সজ্জিত হয়ে দর্শনার্থীদের দৃষ্টি আকর্ষণ করেন।

বলাকা সংঘ আয়োজিত এই জীবন্ত কালীর প্রদর্শন চাক্ষুস করতে বহু মানুষের সমাগম ঘটে। দূর-দূরান্ত থেকেও মানুষজন বলাকা সংঘের এই জীবন্ত কালীর প্রদর্শন দেখতে আসেন। ভিড় জমে যায়, দর্শনার্থীগণ লাইন দিয়ে কালী প্রতিমা ও জীবন্ত প্রদর্শনী চাক্ষুস করেন। মা কালীর বিভিন্ন রূপের জীবন্ত প্রদর্শন দেখে সন্তোষ প্রকাশ করেন।

# গাইঘাটায় তৃণমূলের বিজয়া সম্মেলন

নীরেশ ভৌমিক ঃ গত ১৭ অক্টোবর মহাসমারোহে অনুষ্ঠিত হল তৃণমূল কংগ্রেসের গাইঘাটা ব্লক-২ আয়োজিত বিজয়া সম্মেলন। এদিন মধ্যাহ্নে চাঁদপাড়া বাজার পার্শ্বস্থ ডুমা অঞ্চলের সেকাটি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আয়োজিত বিজয়া সম্মেলনে ব্লক সভাপতি শিক্ষক শ্যামল বিশ্বাসের আহ্বানে দল ও দলের বিভিন্ন শাখা সংগঠনের বিশিষ নেতৃবৃন্দ উপস্থিত হন। উল্লেখযোগ্যদের মধ্যে ছিলেন তৃণমূলের সাংগঠনিক জেলার সভাপতি বিশ্বজিৎ দাস, চেয়ারম্যান সাংসদ মমতা ঠাকুর, দলের সংগঠনের ভূতপূর্ব রাজ্য সভানেত্রী জয়া দত্ত, যুবনেতৃত্ব সব্যসাচী ভট্ট, নিরুপম রায়, শ্রমিক সংগঠন আই এন টি টি ইউ সি'র জেলা নেতৃত্ব নারায়ণ ঘোষ, সংখ্যালঘু সেলের ইমরান হোসেন, দলনেতা নরোত্তম বিশ্বাস, উত্তম সরকার, সমীর বিশ্বাস, জেলা পরিষদ সদস্য অভিজিৎ বিশ্বাস, দলীয় প্রধান ছন্দা সরকার, তৃণমূল শিক্ষা সংগঠনের সভাপতি আশিষ ঘোষ, মহিলা নেত্রী তথা গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্‌চি, দলের প্রাক্তন বিধায়ক সুরজিৎ কুমার বিশ্বাস



প্রমুখ।

ব্লক সভাপতি শ্যামলবাবু উপস্থিত সকল নেতৃবৃন্দকে স্বাগত জানান, দলীয় কর্মীগণ সকলকে উত্তরীয় ও পুষ্পস্তবক প্রদানে বরণ করে নেন। বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত সকলকে শুভ বিজয়ার আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সেই সঙ্গে রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনে দলনেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চতুর্থবারের জন্য মুখ্যমন্ত্রীর আসনে বসানোর জন্য এখন থেকেই সকল নেতা-কর্মীকে কাজে নেমে পড়ার কথা বলেন। সেই সঙ্গে সকল নেতা কর্মীকে জনসংযোগ বৃদ্ধি এবং সাধারণ মানুষজনের পাশে দাঁড়ানোর আহ্বান জানান। পিছিয়ে পড়া সহ সকল মানুষজনের কল্যাণে কাজ করার পরামর্শ দেন। বিজয়া সম্মেলন উপলক্ষে এদিন জনসভার রূপ লাভ করে। সভা শেষে দলীয় কর্মীগণ উপস্থিত সকলের হাতে মিষ্টি তুলে দিয়ে শুভেচ্ছা জানান। অগণিত দলীয় নেতা-কর্মী ও সমর্থকগণের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে তৃণমূল কংগ্রেস আয়োজিত এদিনের বিজয়া সম্মেলন এলেকায় বেশ সাড়া ফেলে দেয়।

শুভ বিজয়ার আন্তরিক অভিবাদন ও শুভকামনা জানুন

নিউ পি.সি. জুয়েলার্স

বিশেষ দ্রষ্টব্য: হলমার্ক ছাড়া সোনার গহনা কম্পিউটার দ্বারা টেস্টিং করে নেওয়া হয়। পুরোনো সোনা ও রুপো খরিদ করা হয়। সোনা, রুপা, ডায়মন্ড এর গহনা ও গ্রহরত্ন হোলসেল করা হয়।

আমাদের ISI TESTING CARD-এর মাধ্যমে গ্রহরত্ন কিনলে যা ব্যবহার করার পরেও ফেরত মূল্য পাওয়া যায়।

সোনার দাম পেপার দরে

ফরেক্স সুবিধা উপলব্ধ (RBI অনুমোদিত)

আমাদের বিশ্বব্যাপী বৈদেশিক মুদ্রা বিনিময় সুবিধা রয়েছে।

আমাদের এখান থেকে ফরেক্স-এর লাইসেন্স করে দেবার সু-ব্যবস্থা আছে।

জ্যোতিষি প্রতিদিন চেম্বারে বসছেন
বিশিষ্ট জ্যোতিষের কাছে বিনামূল্যে পরামর্শ নিন শুধুমাত্র বৃহস্পতিবার ও শুক্রবার কলকাতাতে এবং শনিবার বনগাঁতে।

ফরেক্স-এর কাজ জানা (৫-১০ বছরের অভিজ্ঞতা) সেলম্যান ও অফিস স্টাফ চাই

আমাদের এখানে ট্রাভেলার কার্ড ও সমস্ত বৈদেশিক মুদ্রা বিনিময়ের কাজ করা হয়। সকল ইন্টারন্যাশনাল ট্রাভেলার যারা মুদ্রা বিনিময় করতে চান, নীচে দেওয়া নম্বরে যোগাযোগ করুন

সোনা, রুপা, হীরা এবং আসল পাথর কিনলে পাওয়া যাবে ধামাকা ছাড় এবং আকর্ষণীয় উপহার

নিউ পি. সি. জুয়েলার্স

১০৭, ওল্ড চায়না বাজার স্ট্রিট, বড়বাজার, রাম রহিম মার্কেট ৩য় তলা, রুম নম্বর ৩০৪, কলকাতা ৭০০ ০০১

আমাদের শোরুম প্রতিদিন খোলা



ডায়মন্ড জুয়েলারীতে স্পেশাল ধামাকা Offer

শিয়ালদহ বা হাওড়া স্টেশন থেকে বাসে বা অটোতে ত্রিপলপট্টি (ব্র্যাবন রোড) নেমে রাস্তা পার করে কাচের বিল্ডিং (পাশে ভিখারাম চাঁদ মল)

নিউ পি. সি. জুয়েলার্স বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে)

নিউ পি. সি. জুয়েলার্স বিউটি মতিগঞ্জ, হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগণা

নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী স্কুলের বিপরীতে), দোতলায়

নিউ পি. সি. অপটিক্যাল বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী স্কুলের বিপরীতে)

বনগাঁ স্টেশন থেকে টোটোতে বাটার মোড়

80177 18950 | 98003 94460 | 82503 37934

npcjewellers@gmail.com www.npcjewellers.com

কর্মসংস্থানের সুযোগ

আমাদের শোরুমের জন্য গানম্যান প্রয়োজন।

আমাদের শোরুমের জন্য সুদক্ষ কারিগর প্রয়োজন। ESI, PF আছে।

অভিজ্ঞ জ্যোতিষীদের জন্য চেম্বার প্রস্তুত অতিসত্বর যোগাযোগ করুন।

আমাদের নিউ পি.সি. অপটিক্যালে ১-২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন সেলসম্যান চাই।

নিউ পি.সি. জুয়েলার্সে ২-৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন সোনা, রূপো ও হিরে ও গ্রহরত্নের সেলসম্যান চাই। ESI, PF আছে।

জুয়েলারী শোরুমের কাজেকর্মে অভিজ্ঞতা সম্পন্ন কম্পিউটার ও বারকোডের কাজ জানা স্টাফ চাই।

CCTV ক্যামেরা, ফোন ও কম্পিউটার সংক্রান্ত বিষয়ে জানা অভিজ্ঞ টেকনিশিয়ান স্টাফ প্রয়োজন।

প্রতি কেনাকাটায় 20% - 30% ছাড়

সকলকে জানাই সাদর আমন্ত্রণ

নিউ পি.সি. অপটিক্যাল

বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে)

ডাক্তারদের অনুরোধ

আমাদের নিউ পি.সি. অপটিক্যালের নতুন ব্রাঞ্চ-এ চক্ষু বিশেষজ্ঞদের জন্য চেম্বর করার সুব্যবস্থা রয়েছে। বনগাঁয় একটি নতুন চক্ষু হাসপাতাল হতে চলেছে।

DENTIST বা দাঁতের ডাক্তার প্রয়োজন

আমাদের New PC Optical- এর আধুনিক এবং উন্নতমানের Dental Set up তৈরি হচ্ছে, তাই অভিজ্ঞ BDS /Dental Surgeon প্রয়োজন, যিনি নিয়মিত বা পার্ট টাইম চেম্বার করতে ইচ্ছুক তারাই যোগাযোগ করবেন।

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**